

## 💵 বুলুগুল মারাম

হাদিস নাম্বারঃ ১৫৪

পর্ব - ২ঃ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১. সালাতের সময়সমূহ - কখন নবী (ﷺ) ফর্য সালাত আদা্য করতেন তার বিবরণ

## আরবী

وَعَنْ أَبِي بَرْزَةَ الْأَسْلَمِيّ قَالَ: كَانَ رَسُولُ اللَّهِ \_ صلى الله عليه وسلم \_ يُصلِّي وَعَنْ أَبِي بَرْزَةَ الْأَسْلَمِيِّ قَالَ: كَانَ رَحْلِهِ فِي أَقْصَى الْمَدِينَةِ وَالشَّمْسُ حَيَّةٌ, وَكَانَ يَسْتَحِبُ أَنْ يُوْخِر مِنَ الْعِشَاءِ, وَكَانَ يَكْرَهُ النَّوْمَ قَبْلَهَا وَالْحَدِيثَ بَعْدَهَا, وَكَانَ يَنْفَتِلُ مِنْ صَلَاةِ الْغَدَاةِ حِينَ يَعْرِفُ الرَّجُلُ جَلِيسَهُ, وَيَقْرَأُ بِالسِّتِينَ إِلَى الْمِائَةِ. مُتَّفَقٌ عَلَيْهِ

صحيح. رواه البخاري (547)، ومسلم (647) واللفظ للبخاري. و «رحله»: بفتح الراء وسكون الحاء المهملة «مسكنة». و «حية»: أي بيضاء نقية كما في الرواية السابقة، وصبح عن أحد التابعين قوله: حياتها أن تجد حرها. و «ينفتل»: أي: ينصرف

## বাংলা

১৫৪। আবৃ বারযাহ আল-আসলামী (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম 'আসরের সালাত আদায় করতেন তার পর আমাদের কোন ব্যক্তি রওয়ানা হয়ে মদীনার দূর প্রান্তের বাড়িতে ফিরে যাওয়ার পরও সূর্য জীবিত তথা সূর্যের উজ্জ্বলতা বাকী থাকতো। আর নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইশার সালাত দেরিতে আদায় করা পছন্দ করতেন এবং 'ইশা সালাতের পূর্বে ঘুমানো ও পরে কথাবার্তা বলাকে অপছন্দ করতেন। আর তিনি ফজরের সালাত আদায় করে এমন সময় ফিরতেন যখন লোক তার পাশে বসে থাকা সঙ্গীকে চিনতে পারত। আর ষাট আয়াত থেকে একশো আয়াত তিলাওয়াত করতেন।[1]

## ফটনোট



[1] বুখারী ৫৪৭; মুসলিম ৬৪৭। শব্দ বিন্যাস বুখারীর। এখানে رحله শব্দটির র (ر) অক্ষরে যাবার হা (ر) অক্ষরে সাকিন সহ পড়তে হবে। حية অর্থাৎ স্বচ্ছ পরিস্কার সাদা যেমন পূর্ববতী বর্ণনায় রয়েছে। আর একজন তাবেয়ী হতে তার এ কথাটি সহীহ হিসেবে বর্ণিত হয়েছে عياتها أن تجد حرها সূর্য জীবিত থাকার অর্থ হচ্ছে সূর্যে উত্তাপ পাওয়া।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবূ বার্যা আল-আসলামী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন